

বুয়েট উপাচার্য ড. সত্যপ্রসাদের পদত্যাগ

অনলাইন ডেস্ক

১৮ আগস্ট ২০২৪, ০৫:৩১ পিএম



সত্য প্রসাদ মজুমদার। পুরোনো ছবি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার পদত্যাগ করেছেন। আজ রবিবার শিক্ষা মন্ত্রণালয় বরাবর তিনি পদত্যাগপত্র পাঠিয়েছেন।

UNIBOTS

২০২০ সালের ২৫ জুন প্রথম মেয়াদে বুয়েটের ১৪তম উপাচার্যের দায়িত্ব গ্রহণ করেছিলেন সত্য প্রসাদ মজুমদার। গত ২৬ জুন ছিল তার প্রথম মেয়াদের শেষ কর্মদিবস। এরপরে তাকে দ্বিতীয় মেয়াদে উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়।

সত্য প্রসাদ মজুমদারের বাড়ি ফেনী জেলার দাগনভূঞা থানার রামনগরে। তিনি ১৯৭৩ সালে চাঁদপুরের ডি এন হাইস্কুল থেকে এসএসসি ও ১৯৭৫ সালে চাঁদপুর কলেজ থেকে এইচএসসি পাস করেন। বুয়েটের তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ থেকে ১৯৮১ সালে প্রথম শ্রেণিতে বিএসসি ডিগ্রি অর্জন করেন এবং মেধাতালিকায় চতুর্থ হন সত্য প্রসাদ মজুমদার। ১৯৮৫ সালে একই বিভাগ থেকে তিনি এমএসসি ডিগ্রি অর্জন করেন।

এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ এস এম মাকসুদ কামাল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মশিউর রহমান, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) উপাচার্য অধ্যাপক এমদাদুল হক চৌধুরী, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ এফ এম আবদুল মঈন এবং জামালপুরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো.কামরুল আলম খান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আবু তাহেরসহ পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ উপাচার্য পদত্যাগ করেছেন।

পদত্যাগ বুয়েট উপাচার্য